



# ঢাকা কমার্স কলেজ

## পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৯০০৪৯৪২, ৯০২৩৩৩৮

ওয়েব সাইট: [www.dcc.edu.bd](http://www.dcc.edu.bd), Facebook: [DhakaCommerceCollege](https://www.facebook.com/DhakaCommerceCollege)

স্মারক নং: ঢাকক-

তারিখ: ০১/১০/২০১৬

## বিজ্ঞপ্তি

একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ১ম পর্ব পরীক্ষা ২০১৬ আগামী ১৫/১১/২০১৬ তারিখ হতে অনুষ্ঠিত হবে। প্রতি পত্রের পূর্ণমান: ৬০ এবং সময়: ২ (দুই) ঘণ্টা। সকল শিক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। বিশেষ ক্ষেত্রে অসুস্থ শিক্ষার্থীর জন্য সিক বেডের ব্যবস্থা আছে। আগামী ১০/১১/২০১৬ তারিখ নিজ নিজ শ্রেণি কক্ষে শিক্ষার্থীদের মাঝে প্রবেশপত্র বিতরণ করা হবে। পরীক্ষার প্রস্তুতির জন্য ১২/১১/২০১৬ তারিখ হতে শ্রেণি কার্যক্রম স্থগিত থাকবে।

পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত বিষয়সমূহ মেনে চলতে হবে:

- ১। পরিচয়পত্র ব্যতীত কোনো ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- ২। পরীক্ষার হলে বিন্দুমাত্র অসদুপায় অবলম্বনের কোনো প্রমাণ পাওয়া গেলেই বহিষ্কার করা হবে।
- ৩। পরীক্ষার হলে পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র ছাড়া অন্য কোনো কাগজপত্র, বই, ব্যাগ ইত্যাদি সঙ্গে আনা যাবে না।
- ৪। পরীক্ষা শুরুর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।
- ৫। পরীক্ষার হলে পরস্পর কলম, পেন্সিল, ইরেজার, স্কেল, ক্যালকুলেটর ইত্যাদি বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৬। পরীক্ষার্থীকে অবশ্যই উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় ১৬ থেকে ১৮ লাইন লিখতে হবে এবং প্রতি লাইনে কমপক্ষে ৫ হতে ৬টি শব্দ লিখতে হবে।
- ৭। পরীক্ষার্থীকে পূর্ণ সময় হলে অবস্থান করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৮। পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের যথাযথ ইউনিফর্ম পরিধান করে আসতে হবে।
- ৯। উত্তরপত্রের বাম পার্শ্বে ও উপরে ১ ইঞ্চি মার্জিন দিতে হবে এবং প্রশ্ন নং মার্জিনের উপরে লিখতে হবে।
- ১০। প্রবেশপত্র হারিয়ে গেলে, বাসায় রেখে আসলে বা অন্য কোনো কারণে প্রবেশপত্র আনতে না পারলে, সেক্ষেত্রে পরীক্ষার দিন হিসাব শাখায় ১০০/- টাকা জমা দিয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা হতে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

## পরীক্ষার সময়সূচি

পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার বিষয় ও পত্র	বিষয় কোড	সময়
১৫/১১/২০১৬ (মঙ্গলবার)	বাংলা (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০১ ও ১০২	৯টা-১১টা
১৭/১১/২০১৬ (বৃহস্পতিবার)	ইংরেজি (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০৭ ও ১০৮	৯টা-১১টা
১৯/১১/২০১৬ (শনিবার)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৭৫	৯টা-১১টা
২১/১১/২০১৬ (সোমবার)	হিসাববিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৫৩ ও ২৫৪	৯টা-১১টা
২৩/১১/২০১৬ (বুধবার)	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্র	২৭৭ ও ২৭৮	৯টা-১১টা
২৪/১১/২০১৬ (বৃহস্পতিবার)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্র	২৮৬ ও ২৮৭	৯টা-১১টা
২৬/১১/২০১৬ (শনিবার)	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম ও ২য় পত্র	২৯২ ও ২৯৩	৯টা-১১টা
২৮/১১/২০১৬ (সোমবার)	অর্থনীতি ১ম ও ২য় পত্র	১০৯ ও ১১০	৯টা-১১টা
	পরিসংখ্যান ১ম ও ২য় পত্র	১২৯ ও ১৩০	
	ভূগোল ১ম ও ২য় পত্র	১২৫ ও ১২৬	

অধ্যক্ষ

উপাধ্যক্ষ, প্রশাসন (ভারপ্রাপ্ত)

উপদেষ্টা (অ্যাকাডেমিক)

আহবায়ক (পরীক্ষা কমিটি)

উপ পরীক্ষা নিয়ন্ত্রক